

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ দুই কাপড়ে সালাতে আদায় করার নির্দেশ ঐ ব্যক্তির জন্য যাকে মহান আল্লাহ রিযিকে প্রশস্ততা দান করেছেন, যদিও এক কাপড়ে সালাত আদায় করা সালাত বিশুদ্ধ হওয়ার জন্য যথেষ্ট

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْأَمْرَ بِالصَّلَاةِ فِي ثَوْبَيْنِ إِنَّمَا أُمر لِمَنْ وَسَّع اللَّهُ عَلَيْهِ وَإِنْ كَانَتِ الصَّلَاةُ فِي ثَوْبِ وَاحِدِ مُجْزِئَةً

আরবী

1712 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ أَنَّ ابْنَ عُمَرَ قَالَ: بَيْنَمَا النَّاسُ بِقُبَاءَ فِي صَلَاةِ الصَّبْحِ إِذْ جَاءَهُمْ آتٍ عَبْدِ اللَّهِ بْنِ دِينَارٍ أَنَّ ابْنَ عُمَرَ قَالَ: بَيْنَمَا النَّاسُ بِقُبَاءَ فِي صَلَاةِ الطَّيْلَةَ قُرْآنٌ وَقَدْ أَمْر أَنْ فَقَالًا لَهُمْ: إِنَّ رسول الله صلى الله عليه وسلم قد أُنزل عَلَيْهِ اللَّيْلَةَ قُرْآنٌ وَقَدْ أَمْر أَنْ يَسْتَقْبِلُ الْكَعْبَةَ فَاسْتَقْبِلُوهَا وَكَانَتْ وُجُوهُهُمْ إِلَى الشَّامِ فاستداروا إلى الكعبة. الراوي: ابْن عُمرَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الراوي: ابْن عُمرَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1712 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (1/ الصفحة أو الرقم: 322/290)

বাংলা

১৭১২. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "লোকজন কুবায় ফজরের সালাত আদায় করছিলেন, এমন সময় তাদের কাছে এক ব্যক্তি আসেন এবং তাদেরকে বলেন, "নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর গতরাতে কুরআন অবতীর্ণ হয়েছে। এতে কা'বার দিকে মুখ করে সালাত আদায় করার আদেশ করা হয়েছে। সে সময় তারা শামের দিকে মুখ করে সালাত আদায় করছিলেন। অতঃপর তারা কা'বার দিকে মুখ ফিরিয়ে নেন।"[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৪৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৯৫; মুসনাদ ইমাম শাফে ঈ: ১/৬৪; সহীহ আল



বুখারী: ৪০৩; সহীহ মুসলিম: ৫২৬; নাসাঈ: ২/৬১; আবূ আওয়ানা: ১/৩৯৪; সুনান বাইহাকী: ২/২; মুসনাদ আহমাদ: ২/১৬; মুসানাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৩৫; তিরমিযী: ৩৪১; দারেমী: ১/২৮১; দারাকুতনী: ১/২৭৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/৩২২/২৯০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন